আব্দুর রহমান ইবন আবূ বকর সিদ্দিক রাদিয়াল্লাহুমা রাসূলুল্লাহর নিকট প্রবেশ করলেন আর তিনি আমার সীনায় হেলান দেওয়া অবস্থায় ছিলেন। আর তখন আব্দুর রহমানের সাথে তাজা একটি মিসওয়াক ছিল যা দ্বারা সে দাঁতন করতেছিল। রাসূলুল্লাহ তার দিকে তাকালো।

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত তিনি বলেন, আব্দুর রহমান আবূ বকর সিদ্দিক রাদিয়াল্লাহু রাসূলুল্লাহর নিকট প্রবেশ করেন আর তিনি আমার সীনায় হেলান দেওয়া
অবস্থায় ছিলেন। আর আব্দুর রহমানের সাথে তাজা একটি মিসওয়াক ছিল যা দ্বারা সে দাঁতন করছিল। রাসূলুল্লাহ তার দিকে তাকালেন। আমি মিসওয়াকটি নিলাম এবং চিবালাম। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দিলাম। তিনি দাঁতন করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সেদিনের চেয়ে বেশি সুন্দর দাঁতন করতে আর কোন
দিন দেখিনি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শেষ করার সাথে সাথে তার
হাত অথবা আঙ্গুল উঠালেন অতঃপর বলল, সমুন্নত মহান সাথী- তিনবার বললেন- তারপর (মৃত্যুর) ফায়সালা হলো। তাই তিনি বলতেন, তিনি মারা গেছেন আমার থুতলি ও আমার পেটের মাঝখানে।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা আমাদের জন্য একটি ঘটনা উল্লেখ করেন যাতে মিসওয়াকের প্রতি রাসূলের মহব্বত ও সম্পৃক্ততার কথা উল্লেখ করা হয়। আর তা হলো, আয়েশা রাদিয়াল্লাহু আনহার ভাই আব্দুর রহমান ইবন আবূ বকর সিদ্দিক রাদিয়াল্লাহু আনহুমা রাসূলুল্লাহর নিকট তার মুমুর্ষ অবস্থায় প্রবেশ করেন। আর আব্দুর রহমানের সাথে ছিল একটি তাজা মিসওয়াক যা দ্বারা সে দাঁতন করতেছিল। তা দেখে রাসূলুল্লাহ তার দিকে তাকালো। আব্দুর রহমানের হাতে মিসওয়াকটি দেখে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহ তার অসুস্থতা ও মারা যাওয়ার কথা ভুলে গিয়ে মিসওয়াকের মহব্বতে আকৃষ্ট হয়ে তার দিকে তাকালেন। আয়েশা রাদিয়াল্লাহু আনহা বুঝতে পেরে তার ভাই থেকে মিসওয়াকটি নিয়ে নিল এবং মিসওয়াকের মাথা স্বীয় দাঁত দ্বারা কেটে তা পরিস্কার ও পরিচ্ছন্ন করল। অতঃপর মিসওয়াকটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দিলে তিনি তা দিয়ে দাঁতন করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সেদিনের চেয়ে বেশি সুন্দর দাঁতন করতে আর কোন দিন আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা দেখেননি। তারপর যখন পবিত্র হলেন এবং মিসওয়াক করা শেষ করলেন তখন তিনি হাত অথবা আঙ্গুল উপরের দিকে উঠালেন। আল্লাহর একাত্ববাদের ঘোষণা দেন। আর আল্লাহর দিকে স্থানান্তর হওয়াকে গ্রহণ করেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মারা গেলেন। আয়েশা রাদিয়াল্লাহু আনহা এ বলে ঈর্ষা করতেন যা তার পাওনাও ছিল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন অবস্থায় মারা গেছেন যে তার মাথা তার বুকের উপর।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3484